৭

দৈনিক ইনকিলাব

তারিখ 06 APR 1997

পৃঃ ১ কলাম ৫

### ঢাকা মেডিকেলে ছাত্রদল-ছাত্রলীগ সঙ্ঘর্ষ

# ডাঃ ফজলে রাব্বী হলে ছাত্রদলের ৬টি কক্ষ ভাঙচুর-লুটপাট

মেডিকেল রিপোর্টার ঃ গতকাল দুপুরে ছাত্রলীগের কর্মীরা ঢাকা মেডিকেল কলেজের ডাঃ ফজলে রাব্বী হলে সঙ্ঘবদ্ধ হামলা চালিয়ে ছাত্রদলের ৫/৬টি কক্ষ ভাঙচুর, তছনছ ও লুটপাট করে। এ সময় ছাত্রলীগ কর্মীরা একটি কক্ষের দেওয়ালে টাঙ্গানো সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বাঁধানো ছবি ভেঙ্গে ফেলে।

দুপুর সাড়ে ১২টায় ছাত্রদলের কয়েকজন

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ঢাকা মেডিকেলে সংঘর্ষ

প্রথম পৃষ্ঠার পর

কর্মী হাসপাতালে স্টুডেন্টস কেবিনের সামনে থেকে ছাত্রলীগ কর্মী লিপন (২১) ও বিদ্যুৎ (১২)-কে ধরে টেনে হিঁচড়ে কলেজ ক্যান্টিনের সামনে নিয়ে যায়। এ সময় ছাত্রলীগের কর্মীরা খবর পেয়ে ক্যান্টিনের সামনে আসলে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সঙ্ঘর্ষ বেঁধে যায়। উভয় দল একে অপরের উপর ঝাঁপিয়ে পড়ে। শুরু হয় ধাওয়া-পাল্টা ধাওয়া। কলেজের সাধারণ ছাত্র-ছাত্রীরা ভয়ে দিকবিদিক ছুটোছুটি করতে থাকে। এ সময় ছাত্রলীগ কর্মী বিজয় (২২) আহত হয়। সঙ্ঘর্ষের এক পর্যায়ে ছাত্রদলের কর্মীরা পিছু হটে যায়। ছাত্রলীগের আরেকটি অংশ দ্রুত ডাঃ ফজলে রাব্বী হলের দিকে ছুটে যায়। তারা লাঠিসোটা নিয়ে ছাত্রদলের কক্ষের উপর ঝাঁপিয়ে পড়ে। ছাত্রলীগ কর্মীরা হলের মেইন বিল্ডিংয়ের নীচ তলা থেকে তিন তলা পর্যন্ত বেশ কয়েকটি কক্ষ ভাঙচুর এবং কক্ষের ভেতরের আসবাবপত্র ও বইখাতা তছনছ করে। এই ঘটনার পরপরই ডাঃ ফজলে রাব্বী হলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে হামলাকারীদের নিবৃত করে ও পরবর্তী সঙ্ঘাত প্রতিরোধে পজিশন নেয়। এ ঘটনার পর কলেজ ও হোস্টেলে মারাত্মক উত্তেজনা বিরাজ করছে। ছাত্রদল-ছাত্রলীগ মুখোমুখি অবস্থান নিয়েছে। যে কোন সময় এই উত্তেজনা ভয়াবহ সঙ্ঘর্ষে রূপ নিতে পারে।